P-720
10.02.14
10th Feb.14

14-02-14
14th Feb.14

28-02-14
28th Feb.14

Ready on
01-3-14

Delivery on
03/3/14

Filed on
24th Feb. 1933

টি.এস. নম্বর - ৮৮।১৯৩৩

মোকাম হাওড়ার ২য় সাবজজ আদালত

টি.এস. ৮৮।৩৩

শ্রী বসন্ত কুমার সামন্ত পিতা ৺শচীচরন সামন্ত জাতি- মাহিষ্য, পেষা - ব্যবসা, সাং ৬ নম্বর হাওড়া চৌধুরী বাগান ১ম বাইলেন, থানা- হাওড়া জেলা- হাওড়া .............................. বাদী

-বনাম -

শ্রী মধুসুদন কুণ্ডু পিতা ৺অবিনাশ চন্দ্র কুণ্ডু জাতি- তিলি, পেশা - ব্যবসা, সাং ১৬০ নং সরকুলার রোড, থানা- শিবপুর জেলা - হাওড়া ........................... প্রতিবাদী ।

Basanta Kr. Samanta
by
Sd/ Illegible
Adv.

প্রার্থিত উপকার

তপশীল বর্নিত সংপত্তিতে বন্ধকের দায় সাব্যস্তে বন্ধকিতমশুকের টাকা আদায়ের প্রার্থনায় নালিশ

দাবির পরিমান কো: ২৭০৬।- টাকা

উপরোক্ত বাদী বর্ননা করিতেছেন যথা :-

১। এই আদালতের এলাকাধিন থানা - শিবপুরের সামিল চক্র বেত্তাগমে প্রতিবাদী বাদীর নিকট হইতে সন ১৩৩৪ । ৩রা মাঘ তারিখে কো ১৫০০৲

Scanned by CamScanner

... OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION 2ND COURT) ... DAR

Scanned by CamScanner

টাকা কর্জ্জ গ্রহন করেন ও উক্ত টাকার উপর মাশিক শতকরা ১৲ টাকা হিসাবে সুদ আদায় দিবে অঙ্গিকার করিয়া উক্ত আশল মায় সুদ সমস্ত টাকা আদায়ের মাত খবরির জন্য তাঁহার স্বত্ব দখলি তপশীলের বর্নিত সম্পত্তি বাদীর নিকট আবন্ধ রাখিয়া উক্ত তারিখে বাদীর নাম বরাবর অত্র সহ দাখিলি বন্ধকি তমশুক রিতিমত সম্পাদন ও রেজেষ্টারি করিয়া দেন।

২। উক্ত প্রতিবাদী উক্ত বন্ধকি তমশুকের অন্যান্য সর্ত্তের মধ্যে এইরূপ অঙ্গিকার ও চুক্তি করে যে তাহার উপরোক্ত কোং ১৫০০৲ টাকার উপর আদায় কালতক মাশিক সতকরা ১৲ টাকা হিসাবে সুদ দিতে সুদের টাকা মাশ মাশ পরিশোধ করিবেন যদি একক্রমে ৩ তিন মাসের সুদ বাকি পড়ে তাহা হইলে বাকি পড়া সুদের টাকা আশলে গন্য হইয়া উপরোক্ত হারে সুদ চলিবে ও সুদ আশাল সমুদয় টাকা সন ১৩৩৬ সালের আশাঢ় মাশের মধ্যে পরিশোধ করিবেন।

৩। এক্ষনে প্রতিবাদীর নিকট হইতে নিম্নের তপশীল হিসাব মত আশল কোং ১৫০০৲ টাকা মায় সুদ ~~মউ~~ ও সুদের সুদ ১২০৬।- টাকা একুনে কোং ২৭০৬।- টাকা প্রতিবাদীর নিকট হইতে বাদীর ন্যায্য পাওনা হইতেছে বারম্বার তলব তাগাদা সত্ত্বে ও প্রতিবাদী উহার কিছু মাত্র আদায় দিতেছেন না।

৪। নালিশের কারন অত্র আদালতের এলাকাধিন থানা শিবপুরের

Scanned by CamScanner

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION) 2ND COURT * HOOGHLY SADAR

Scanned by CamScanner

সামিল চক্রবের গ্রামে সন ১৩৩৬ সালের ১লা শ্রাবন হইতে উত্তব হইয়াছে হইয়াছে।

এমতে বাদী বি: কি : সহ এএ আরজি দাখিল করিয়া প্রার্থনা করেন যে -

(ক) তপশীল বর্নিত সংপত্তিতে বন্ধকের দায় সাব্যস্থ পূর্বক তপশীলের হিসাব মত আসল কোং ১৫০০ টাকা মায় সুদ ও সুদের সুদ ১২৩৬।- টাকা একুনে কোং ২৭৩৬।- টাকা বন্ধকি তমশুকের সওমত হারে আদায় কালতক পর্যন্ত সুদ সহ বাদীকে প্রতিবাদীর বিরুদ্ধে প্রিলিমিনারী ডিক্রী দিতে আজ্ঞা হয়।

(খ) বাদী বর্তমান মোকর্দমার সমস্ত খরচা সহ ডিক্রী পায়।

(গ) তপশীল বর্নিত সংপত্তিতে বন্ধকের দায় সাব্যস্থ পূর্বক সংপত্তি নিলাম বিক্রয়ের দ্বারা ডিক্রীকৃত টাকা আদায় হয়। তাহা হইতে সমুহ ডিক্রীর টাকা আদায় না হইলে প্রতিবাদীর বিরুদ্ধে পারশোনাল ডিক্রী হইয়া তাহার অন্যান্য স্থাবর অস্থাবর সংপত্তি নিলাম বিক্রয় পূর্বক এমনকি দেহ হইতে বক্রী আদায় করিবার ডিক্রী দিতে আজ্ঞা হয়।

(ঘ) আদালতের ন্যায় বিচারে আইন ও একুইটি অনুসারে বাদী আর যে কোন প্রতিকার পাইতে পারেন তাহাও পায়। ইতি ২৪.০২.১৯৩৩

Scanned by CamScanner

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION 2ND

Scanned by CamScanner

তপশীল হিসাব

আসল - ---- ------------------------------ ১৫০০্

সন ১৩৩৪ সালের ১লা মাঘ হইতে সন

১৩৩৯ সালের মাঘ মাস পর্য্যন্ত এই

এই ৫ বৎসর ১ মাসের মাশিক শতকরা ১্

টাকা হিসাবে সুদ ........................ ৯১৫্

ও সুদের সুদ উপরোক্ত হারে ---------------- ৩২১্

মোট - ২৭৩৬্।-

তপশীল সংপত্তি ও চৌহদ্দী -

জেলা হাওড়া থানা শিবপুরের সামিল মৌজে চক্রবেড় গ্রামে ১৬নং সারকুলার রোডস্থিত হোল্ডিং তদুক্ত ৯বন্দ মোকরারী মৌরশীবাস্তু জমি আন্দাজ ।.।. কাটা সায় পাঁচ কাঠা ও তদুপরিস্থিত ঠাকুরদালান রোয়াক উপর নিচে ২টি শুইবার ঘর সিঁড়ি ২টি রান্না ঘর ও তাহাদের পূর্ব্বধারে ২টি পাকা চৌবাচ্ছা সমেত কলতলা গোয়ালঘর ও তদুপরিস্থিত পাঁচাকোনা নামক ঘর বৈঠক খানা ঘর সদর দরজার দুইধারে ২টি থারে ও তাহার উপরিস্থিত ঘর উহার ও বৈঠক খানা ঘরের উত্তর দিকে নিচে উপর বারান্দা সদর উঠান ও পূর্ব্বদিকে উপর নিচেবারান্দা পাইখানা দরকুত্তু বকুক। ইহার চৌহদ্দী পূর্ব্ব মন্মথ নাথ কুন্ডুর পাইখানা ও জমি প্রতিবাদীর এজমালি খিড়কি পুস্করিনী উত্ত

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION 2ND

HOOGHLY ★ SADAR

Scanned by CamScanner

এজমালি পুস্করিনীর দক্ষিন পাহাড় তাহার পর কুন্ডুবিহারি কুন্ডু ও শশিভূষন কুন্ডু দীং পাকা বাড়ি প্রতিবাদীর এজমালি চলত রাস্তা এজমালি জমি ও এজমালি পাকা বেদী দক্ষিন শশিভূষন কুন্ডু ও কুন্ডু বিহারী কুন্ডু দীং বাস্তু বাটী ও প্রতিবাদীর এজমালি চলত রাস্তা ও এজমালি জমি ও এজমালি পাকা বেদী পার পেলা রাম মল্লিকের বাটী ও জমি পশ্চিম মন্মথ নাথ কুন্ডুর বাস্তু উত্তর মন্মথ নাথ কুন্ডুর বাস্তু ।

আমি শ্রী বসন্ত কুমার সামন্ত ইহার দ্বারা প্রকাশ করিতেছি যে উপরোক্ত আরজির লিখিত বিবরন সকল আমার শুনামতে সত্য অদ্য আমি হুজুর আদালতে উপস্থিত থাকিয়া উকীলবাবুর সেরেস্তায় বসিয়া এএ সত্য পাঠে নিজ নাম দস্তখত করিলাম।

ইতি তারিখ - ২৪.০২.১৯৩৩

Duly verified by me
Sd/ Illegible Adv.

স্বাক্ষর :- বসন্ত কুমার সামন্ত

Certified to be a True Copy

Sheristadar
Civil Judge Junior Division
2nd Court, Hooghly

Scanned by CamScanner

P-720 10-02-14 10-02-14 14-02-14 14-02-14 28-02-14 28-02-14 Ready 01-3-14 Delivered 03/3/14

Filed on
27th June 1933

মোকাম হাওড়ার ২য় সাব জজ আদালত

১৯৩৩। ৮৮ নম্বর দেওয়ানী মোকর্দ্দমা

বাদী -

শ্রী বসন্ত কুমার সামন্ত

প্রতিবাদী -

শ্রী মধুসূদন কুণ্ডু

উক্ত নম্বর মোকর্দ্দমায় প্রতিবাদীর পক্ষে বর্ননা পত্র

১। বর্ননাকারির বিরুদ্ধে বাদীর বর্ত্তমান নালিশের কোন কারন বা অধিকার নাই। কারন অভাবে বাদীর নালিশ অচল।

২। বর্ত্তমান আকারে বাদীর নালিশ আইন অনুসারে আদৌ চলিতে পারে না।

৩। বাদীর দাবী তামাদি আইন দ্বারা সম্পূর্নরূপে বারিত।

৪। বাদীর নালিশ এসটোপেল ওয়েভার ও একুইসেন্স দোষে অচল।

৫। বাদীর দাখিলী বন্ধকী তমসুক আদি অর্জ্জন অনুসারে এক্সিকিউটেড ও এ্যাটাসটেড হয় না। উহার মূল্য কোন মর্টগেজ ডিক্রী পাইতে পারে না।

৬। নালিশী মর্টগেজ তমসুক আদৌ সরল ভাবাপন্ন বোনাফায়েড ডকুমেন্ট ফর ভ্যালুয়েবিল কনসিডারেশন (ইংরাজীতে) নহে। উহার মূল্য প্রকৃত প্রস্তাবে কোন মর্টগেজ ডিক্রী পাইতে পারে না।

152

Scanned by CamScanner

৭। আপত্তির ১ দফায় উক্ত সকল সম্পূর্ন সত্য নহে। বর্ননাকারী কোন টাকার প্রয়োজন হয় নাই বা বাদীর নিকট হইতে মোং ১৫০০৲ টাকা কর্জ্জে গ্রহন করে নাই। বর্ননাকারী বাদীর সহিত এক আফিসে কার্য্য করিতেন এবং তজ্জন্য বাদীর সহিত বর্ননাকারীর বিশেষ প্রনয় ও সদ্ভাব ছিলনা । বাদী ও বর্ননাকারী উভয়ে মিলিত হইয়া একটি অর্ডার সাপ্লাই এবং ইষ্টিমেট না করিবার যুক্তি করে এবং ৩৭৭নং প্রত্যেকে ১৫০০৲টাকা দেড় হাজার টাকা মুনাফা দিবার স্থির হয় কিন্তু বর্ননাকারীর নিকট নগদ টাকা না থাকায় বর্ননাকারী বাদীকে উক্ত টাকা দিবার জন্য অনুরোধ করে তাহাতে বাদী সম্মত হয় এবং বর্ননাকারীকে জমিন স্বরূপে একটি বন্দকী তমসুক সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিবার জন্য বলে । তদনুসারে বর্ননাকারী নালিশী বন্দকী তমসুক জমিন স্বরূপে সম্পাদন করিয়া দিয়াছে বটে । কিন্তু উহার মূল্যে কোন টাকা কড়ি আদান প্রদান হয় নাই। পূর্ব্বোক্ত যুক্তি অনুসারে বাদী ও প্রতিবাদীর কারবার চলিতে থাকে ।

৮। আপত্তির ২য় দফায় উক্ত সকল সত্য নহে। নালিশী তমসুক বাবৎ মাসিক শতকরা ২৲ টাকা হিসাবে বা কোন হিসাবে সুদ দিবার কোন চুক্তি ছিল না বা হয় নাই । [illegible] দলিলে সুদের কথা তোলা হইয়াছিল বটে কিন্তু বাদী ও প্রতিবাদী মধ্যে চুক্তি থাকে যে

কোন

195

Scanned by CamScanner

কোন সুদ বা কোন সুদের সুদ দিতে হইবে না দলিলে লেখা থাকে মাত্র।

৯। আর্জির ৩ দফায় সকল সত্য নহে। বর্ননাকারীর নিকট বাদীর ২৭০৬ টাকা পাওনা নাই বা হইতে পারে না। বাদী কোন সুদ বা সুদের সুদের দাবী করিতে পারেন না। বা পাইবার হকদার নহেন।

১০। প্রকৃত বিবরন এই যে বর্ননাকারী বাদীর বিশেষ বন্ধুলোক ছিল এবং নাই হিসাবেই কারবার কার্য্য আরম্ভ হইয়াছিল এবং ভাল রূপে চলিয়াছে। পরে কারবার গোলমাল দেখাইয়া বাদী বর্ননা কারিকে সমস্ত লোকসান দায়িক করিবার জন্য চেষ্টা করিতে থাকে। বর্ননাকারী তাহাতে সম্মত না হওয়ায় বাদীর সহিত বর্ননাকারীর মনান্তর ঘাট এবং বাদী বর্ননাকারিকে কারবারের হিসাব নিকাশ দিতে অস্বীকার করে। কারবারের নিয়ম মত হিসাব নিকাশ হইলে সুষ্ঠ প্রতিয়মান হইবে যে মুনাফার টাকা হইতে বাদীর মর্টগেজ দেনা পরিশোধ হইয়া অনেক টাকা বাদীর নিকট বর্ননাকারীর পাওনা হইবে। বর্ননাকারী বাদীর নামে কারবারের হিসাব নিকাশের জন্য নালিশ করিবে এবং তাহাতে বাদীকে বর্ননাকারিীর নিকট বহু টাকার দায়িক হইতে হইবে এই সুচনা পাইয়া বাদী অগ্রযুক্তি হইয়া উক্ত পরিশোধিত বন্দকী তমসুক মূলে বর্তমান মিথ্যা যোগসাজসী মোকদ্দমা দায়ের করিয়াছেন। কারবারের হিসাব নিকাশ না হইলে বাদীর তমসুক বাবত বর্তমান নালিশী চলিতে

Scanned by CamScanner

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION) HOOGHLY

193

Scanned by CamScanner

পারে না ।

১১। বাদী বর্তমান আর্জি মূলে প্রার্থিত বা কোন প্রতিকার পাইতে পারে না ।

১২। বর্ননাকারীর [illegible] স্বীকারোক্তি ব্যক্তি বর্গের কানউক্তি বর্ননাকারী সত্য বলিয়া স্বীকার করে না । বাদী সকল উক্তি বা প্রমান করিতে বাধ্য আছেন ।

১৩। এমতে বর্ননাপত্র দাখিল করিয়া বর্ননাকারী প্রার্থনা করেন বাদীর দাবী ডিসমিস হইবে এবং বর্ননাকর্ত্রী খরচা পাইবে ।

ইতি তারিখ - ২৭.৬.১৯৩৩

সত্য পাঠ
---------

আমি শ্রী মধুসূদন কুন্ডু এতদ্বারা জানাইতেছি যে এই বর্ননাকারীর সকল বিবরন সকল আমার জ্ঞান মতে সত্য । এই সত্যপাঠে আমি আজ ১২ টার সময় অত্র আদালতে বসিয়া নিজ নাম দস্তখত করিলাম । ইংরাজী - ২৭.৬.১৯৩৩

স্বাক্ষর :- শ্রী মধুসূদন কুন্ডু

The verification has been duly signed.
Sd/ Illegible Adv.

Ty Rehp
S. Gorai
15/02/2014

Scanned by CamScanner

Certified to be a true Copy

Sheristadar
Civil Judge Junior Division
2nd Court, Hooghly
01/3/14

125

P-720
10.02.14 / 10th Feb 14 — 14.02.14 / 14th Feb 14 — 28.02.14 / 28th Feb 14 — Ready on 01.03.14 — Delivered on 03/03/14

IN THE COURT OF 2ND.SUB-JUDGE, HOWRAH.

T.S.88/33.

Basanta Kumar Samanta -Vs.- Madhusudan Kundu.

Order no.14,dt. 4.9.33

The plaintiff is present. The deft. takes no steps today and does not appear on call.
P.W.1 Prolhadmohan Chakraborty P.S.2 Basanta Kumar Samanta P.W.3 Surendranath Sur are examined. The defendants are registered Exts. 1 to 1(c) and 2. The passing of consideration has been passed. The suit decreed exparte with cost. Decreetal amount to carry interest at the rate per date of suit till repayment after this date and thereafter at 6.p.c. p.a. till realisation. Preliminary decree passed be drawn up.

Sd/-Illegible.

Order No.15,dt.7.9.33

Preliminary decree is sealed and signed (torn) ..... (torn).

Sd/-Illegible.

Order no.16,dt.23.10.33

The Plaintiff's petition stating the (illegible) payment of decreetal amount has been made. Let a final decree be drawn up.

Sd/-Illegible.

Order no.17,25.25.10.33

Final decree is sealed and signed.

Sd/-Illegible.

Typed by me,
21/2/2014

Scanned by CamScanner

Certified to be a true Copy

Sheristadar
Civil Judge Junior Division
2nd Court, Hooghly

125

Scanned by CamScanner

PRELIMINARY DECREE FOR SALE

(Order 34, Rule 4, Code of Civil Procedure).

DISTRICT: HOOGHLY.

IN THE COURT OF THE SUB JUDGE AT HOWRAH.

TITLE SUIT NO.88 OF 1933.

Basanta Kumar Samanta , son of Late Sasti Chan Samanta, Sahisya by caste occupation Business, residence of Howrah Chowdhury Bagan 1st Bye Lane, Thana -Howrah, Dist.Howrah.

-Versus-

Madhusudan Kundoo, son of Late Abinash Chandra Kundoo, Tili by caste, Occupation-Business, residence No.3 Circular Road, Thana-Sibpore, Dist.Howrah.

CLAIM for Rs. 2736-4-due on a mortgaged bond.

THIS suit coming on this day for hearing before B.Rajendra Lal Chakraborty Sub-Judge and in the presence of B.Bijoy Krishna(Illegible)Pleader for the plaintiff and in the absence for the defendant: It is hereby declared that the amount due to the plaintiff on account of principal, interest, and cost calculated up to the 5th day of October 1933 is Rs. 3179-15-, and that such amount shall carry interest at the rate of 6/- per cent. per annum until realisation; and it is decree as follows:-

1. That if the defendant pays into court the amount so declared due on or before the said 5th day of October, 19 , the plaintiff shall deliver up to the defendant, or to such person as he appoints, all documents in his possession or power relating to the mortgaged property, and shall, if so

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION) 2ND

165

Scanned by CamScanner

so required, re-transfer the property to the defendant free from the mortgage and from all incumbrances created by the plaint ff or any person claiming under him. (Where the plaintiff claims by derived title, add "or by those under whom he claims)." (Where the plaintiff is inpossession, add "and shall put the defendant in possession of the property)."

2. That if such payment is not made on or before the said day of 5th October 1933, the mortgaged property or a sufficient part thereof be sold and that the proceeds of the sale (after defraying thereout the expenses of the sale) be paid into court and applied in payment of what is declared due to the plaintiff as aforesaid together with subsequent interest and subsequent costs, and that the balance, if any, be paid to the defendant.

3. That if the net proceeds of the sale are insufficient to pay such amount and such subsequent interest and costs in full, the plaintiff shall be at liberty to apply for a personal decree for the amount of the balance.

Given under my hand and the seal of this Court, this 4th day of September 1933.

Sd/-Rajendra Lal Chakraborty.
Judge.
7.9.33.

Scanned by CamScanner

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION) 2ND COURT
HOOGHLY SADAR

162

Scanned by CamScanner

# Schedule

## Description of the Memorandum Property.

জেলা হাওড়া থানা শিবপুরের সামিল মৌজে চক্রবেড় গ্রামে ১৬৩নং
সারকিউলার রোডস্থিত হোল্ডিং৩৩ ১ বন্দ মোকররী মৌরসী বাস্তু
জমি আং ।.১০ কাঠা সাড়ে দশ কাঠা ও তদুপরিস্থিত ঠাকুর দালান
রোয়াক উপরনীচে ২টি শুইবার ঘর সিঁড়ি ২টি রান্নাঘর ও তাহাদের
পূর্ব্বধারে ২টি পাকা চৌবাচ্ছা সমেত কলতলা, গোয়াল ঘর ও তদু
পরিস্থিত প্যাঁচাকোনা নমক ঘর ,উহার ও বৈঠকখানার ঘরের উত্তর দিকে
দিকে নীচে উপর বারান্দা সদর উঠান ও পূর্ব্বদিকে উপর নীচে
বারান্দা পাইখানা দরবস্তু হকুক । ইহার চৌহদ্দী পূর্ব্ব মন্মথ
নাথ কুণ্ডুর পাইখানা ও জমি , প্রতিবাদীর এজমালী খিড়কী পুষ্করিণী
উত্তর এজমালী পুষ্করিণীর দক্ষিন পাহাড় তাহার পর কুণ্ডুও বিহারী
কুণ্ডু ও শশীভূষন কুণ্ডু দীং পাকা বাড়ি প্রতিবাদীর এজমালি বসত
রাস্তা এজমালি জমি ও এজমালী পাকা বাড়ী পার ফেলারাম মল্লিকের
বাটী ও জমি পশ্চিম মন্মথ নাথ কুণ্ডুর বাস্তু উত্তর মন্মত নাথ উত্তর
মন্মথ নাথ কুণ্ডুর বাস্তু ।

Scanned by CamScanner

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION 2ND COURT)
HOOGHLY SADAR

Scanned by CamScanner

## Costs of Suit

**Plaintiff**

| | Rs. A. P. |
|---|---|
| 1. Stamp for plaint | 247-8 - |
| 2. Do for power | 1- - |
| 3. Do for petition | 4 8 - |
| 4. Pleader's fee on Rs. 2736-4- | 68 6 |
| 7. Service of process | 2- - |
| 9. Demi paper | - 5 - |
| | 323-11 - |

**Defendant** Nil.

Notice to take back Documents.

The parties in this case are hereby required to take back, as soon as this decree shall have become final, the documents produced by them which are exhibits in the case. If they fail to take them back, the documents will be destroyed at such time as the High Court may prescribe (Rule 30, Chapter III, Volume I).

Sd/-Rajendralal Chakraborty.

Signature of Presiding Officer
of the Court.

Typed by me,
[signature]
20/7/2024

Certified to be a true Copy

Sheristadar
Civil Judge Junior Division
2nd Court, Hooghly
01/3/14

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION 2ND COURT) HOOGHLY SADAR

Scanned by CamScanner

R-720
10-02-14
10th Feb.14
14-02-14
14th Feb.14
28-02-14
28th Feb.14
Ready on 01-3-14 Delivered on 03/3/14

Bengal Form No.3277.

H.C.Civil Process Form No.27.

FINAL DECREE FOR SALE

(Order 34,Rule 5,Code of Civil Procedure).

District-Hooghly.

In the 2nd Court of the Sub-Ordinate at Howrah.

Title Suit No.88 of 1933.

Basanta Kumar Samanta, son of Late Sasti Chan Samanta, Bahisya by caste, occupation-Business, residence 6 Howrah Cho dhury Bagan 1st Bye Lane, Thana Howrah Dist.Howrah.

-Versus-

Madhusudan Kundoo,son of Late Abinash Chandra Kundoo, Tili by caste, Occupation-Business, residence of 3 Circular Road, Thana Sibpore, Dist.Howrah.

CLAIM for - Illegible for Rs. 2736-4-

UPON reading the preliminary decree for sale made in the abovesuit on the 4th day of September 1933 and the petition of the plaintiff Basanta Kumar Samanta, dated the 23rd day of October 1933, and after hearing B Bejoy Krishna (Illegible) , Pleader for the plaintiff, and in the absence for the pleader for the defendant, and it appearing that the amount declared due by the said preliminary decree has not been paid: It is ordered that the immovable properties mentioned in the said decree and specified at the foot x hereof, or so much thereof as may be necessary, be sold by public auction, and that the money which may be relised by such sale(after defraying thereout the expenses of the sale) be paid into Court to the credit of this suit, and that the

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION) HOOGHLY SADAR



Scanned by CamScanner

the sum of Rs. 3179-15- payable under the said preliminary decree, together with Rs. -/12/3 the costs of the suit as specified below and further interest up to thedate of payment at the rate specified in the said decree and costs including the costs of this application be paid to the plaintiff and that thebalance, if any, be paid to the defendant, or other persons entitled to receive the same.

Given under my hand and the seal of the Court, this 23rd day of Ogtober,1933.

Sd/-Rajendralal Chakraborty
Judge.
25.10.33.

SCHEDULE

Description of the Mortgaged Property as per preliminary ~~decr~~ decree.

Costs of Suit

| Plaintiff | | Rs. A. P |
|---|---|---|
| 8. Petition | | -- 12 3 |
| | Total | -- 12 3. |

| Defendant | Rs. A. P |
|---|---|
| Nil. | |

Notice to take back Documents.

The parties in this case are hereby required to take back, as soon as thisdecree shall have become final, the documents produced by them which are exhibits in the case. If they fail to take them back, the documents will be destroyed

Scanned by CamScanner

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION 2ND COURT) HOOGHLY SADAR

152

Scanned by CamScanner

destroyed at such time as the High Court may pr scribe.

(Rule 30, Chapter III, Volume I).

Sd/-Rajendralal Chakraborty.

Signature of Presiding Officer of the Court.

Dated : 25/10/33.

Typed by me,

Ron.
20/2/2014

Scanned by CamScanner

Certified to be a true Copy

Sheristadar
Civil Judge Junior Division
2nd Court, Hooghly
07/3/14

SEAL OF THE CIVIL JUDGE (JUNIOR DIVISION 2ND COURT) HOOGHLY SADAR

Petition No. 720 Dated 10-02-13

Cost of Copy.

| | Rs. | Paisa |
|---|---|---|
| Application for copy | 6 | 50 |
| Searching Fee | | |
| Extra Fee | 10 | 50 |
| No. of Folio 17+4 = 21 | 10 | 50 |
| Court Fee | 28 | 00 |
| Tracing Charge | | |
| | 55 | 50 |

Rupees fifty-five and paisa fifty only

22

03/03/14